

ইসলামিক ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামো

ইসলামিক ফাউন্ডেশন রাজশাহী বিভাগীয় ও জেলা কার্যালয়, রাজশাহী জেলার মহানগর সদরে শালবাগান,সপুরা,রাজশাহী জেলায় অবস্থিত।

ইসলামিক ফাউন্ডেশন দেশের অন্যতম প্রধান এবং ধর্মীয় সেক্টরে শীর্ষ প্রতিষ্ঠান হিসেবে জেলায় ব্যাপক ভিত্তিক কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে।

সাংগঠনিক কাঠামো অনুযায়ী ইসলামিক ফাউন্ডেশন রাজশাহী জেলার প্রধান হচ্ছেন পরিচালক।

ইসলামিক ফাউন্ডেশন রাজশাহী জেলার প্রধান হিসেবে এর সার্বিক দায়িত্ব তাঁর উপর ন্যস্ত।

ইসলামিক ফাউন্ডেশনের সার্বিক কার্যক্রম পরিচালনা ও সুষ্ঠুভাবে বাস্তবায়নে তাঁকে সহায়তার জন্য রাজস্ব বিভাগে আছেন ১ জন উপপরিচালক, ১ জন সহকারী পরিচালক ১ জন হিসাব রক্ষক, ২ জন এল,ডিএ কাম টাইপিষ্ট, ১ জন বিক্রয় সহকারী, ১ জন লাইব্রেরীয়ান, ১ জন এম,এল,এস,এস, ১ জন নৈশ প্রহরী এবং ১ জন ক্লিনার।

প্রকল্প বিভাগের দায়িত্বে রয়েছেন ১ জন ফিল্ড অফিসার, ১১ জন ফিল্ড সুপারভাইজার, ১ জন মাস্টার ট্রেনার, ১ জন কম্পিউটার অপারেটর ও ১ জন কর্মী। এরা প্রত্যেকেই স্ব-স্ব দায়িত্ব সুষ্ঠু ও সুন্দরভাবে পালন করেন।